# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৫৩

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ খারাফ স্বপ্ন দেখলে কী পড়বে

## باب مَا يَقُولُ إِذَا رَأَى رُؤْيَا يَكْرَهُهَا

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضَرَ، عَنِ ابْنِ الْهَادِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ خَبَّابٍ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ ‏"‏ إِذَا رَأَى أَحَدُكُمُ الرُّؤْيَا يُحِبُّهَا فَإِنَّمَا هِيَ مِنَ اللَّهِ فَلْيَحْمَدِ اللَّهَ عَلَيْهَا وَلْيُحَدِّثْ بِمَا رَأَى وَإِذَا رَأَى غَيْرَ ذَلِكَ مِمَّا يَكْرَهُ فَإِنَّمَا هِيَ مِنَ الشَّيْطَانِ فَلْيَسْتَعِذْ بِاللَّهِ مِنْ شَرِّهَا وَلاَ يَذْكُرْهَا لأَحَدٍ فَإِنَّهَا لاَ تَضُرُّهُ ‏"‏ ‏.‏ قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي قَتَادَةَ ‏.‏ قَالَ وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ ‏.‏ وَابْنُ الْهَادِ اسْمُهُ يَزِيدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أُسَامَةَ بْنِ الْهَادِ الْمَدَنِيُّ وَهُوَ ثِقَةٌ رَوَى عَنْهُ مَالِكٌ وَالنَّاسُ ‏.‏

বাংলা

৩৪৫৩. কুতায়বা ইবন সাঈদ (রহঃ) ..... আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেনঃ তোমরা ভালো কোন স্বপ্ন দেখলে বুঝবে তা আল্লাহর পক্ষ থেকে। এ জন্য আল্লাহর হামদ করবে এবং যা দেখছ তা (অন্যকে) বলতে পার। আর যদি এর বিপরীত অপছন্দনীয় কিছু দেখ, তবে বুঝবে এ হল শয়তানের পক্ষ থেকে। তখন তার অনিষ্ট থেকে আল্লাহর পানাহ চাইবে আর কাউকে তা বলবে না। তা হলে এ স্বপ্ন তার অনিষ্ট করবে না।

সহীহ, তা'লীকুর রাগীব ২/২৬২, সহীহ আল-জামি' ৫৪৯, ৫৫০, বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪৫৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবু কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ এ সূত্রে গারীব। ইবন হাদ (রহঃ) এর নাম হল ইয়াযীদ ইবন আবদুল্লাহ ইবন উসামা ইবন হাদ মাদীনী। মুহাদ্দিসীনের কাছে নির্ভরযোগ্য রাবী। মালিক (রহঃ) সহ বহু বর্ণনাকারী তার কাছে থেকে হাদীস বর্ণনা করেছেন।

## English

Abu Sa’eed Al-Khudri narrated that:
He heard the Prophet saying: “When one of you sees a dream that he likes, then it is from Allah, so let him praise Allah for it, and speak concerning what he saw. And when he sees other than that of what he dislikes, then it is from Shaitan, so let him seek refuge in Allah from its evil, and not mention it to anyone for, surely, it shall not harm him.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38855

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন